দৈনিক ইত্তেফাক

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

০৪ APR 1989
তারিখ
পৃষ্ঠা ৫ কলাম ৬

## ঢাকা বিভাগের শ্রেষ্ঠ মাধ্যমিক শিক্ষিকা

কিশোরগঞ্জ, ৬ই এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)—কিশোরগঞ্জ উচ্চ



বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা বেগম হাসনা আরা হাই ১৯৮৯ সনে ঢাকা বিভাগের শ্রেষ্ঠ মাধ্যমিক শিক্ষিকা নির্বাচিত হইয়াছেন। তিনি ২২ বছর যাবৎ শিক্ষকতা পেশায় নিয়োজিত রহিয়াছেন এবং উক্ত বিদ্যালয়ের প্রতিষ্ঠা লগ্ন হইতেই প্রধান শিক্ষিকার দায়িত্ব পালন করিতেছেন। ইহাছাড়া তিনি বিভিন্ন সমাজ সেবামূলক, ধর্মীয় ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের সহিতও জড়িত রহিয়াছেন। তাঁহার এই সম্মানলাভের জন্য গত ৩রা এপ্রিল বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও ছাত্রীবৃন্দের পক্ষ হইতে তাঁহাকে এক সম্বর্ধনা জ্ঞাপন করা হয়।

## কৃতী ছাত্র

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৫ সালের (অনুষ্ঠিত-১৯৮৮) এম, এ,



ফাইনাল (সনাতন) কোর্স-এ পরীক্ষায় ইসলামিক ষ্টাডিজ বিভাগ হইতে মুহাম্মদ সোলায়মান প্রথম শ্রেণীতে প্রথম স্থান লাভ করিয়াছেন। তিনি সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার কাশীমাড়ী ইউনিয়নের আলহাজ্ব হাফেজ সুলতানুদ্দীনের তৃতীয় পুত্র।